# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

## সরকারিভাবে জর্ডান-এর ক্লাসিক ফ্যাশন কোম্পানিতে মহিলা গার্মেন্টস কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.০৫.০১০.২০-১৫৪১ তারিখ ৩০.০৬.২০২৫ খ্রি:

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানস্থ ক্লাসিক ফ্যাশন (Classic Fashion) এ্যাপারেল ইন্ডাস্ট্রিজ লি: এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক মূল বেতন | আবেদনের মাধ্যম |
|---|---|---|---|---|
| ০১ | মেশিন অপারেটর (Machine Operator) | ২০০ জন | ১৩০ জর্ডানি দিনার | মহিলা কর্মীর ক্ষেত্রে অনলাইন আবেদন লিংক: **https://brms.boesl.gov.bd/** (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে।) |

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। জর্ডানসহ বিদেশ ফেরত কর্মীদের নির্বাচনের জন্য বিবেচনা করা হবে। বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হতে গার্মেন্টস ট্রেড প্রশিক্ষণ প্রাপ্ত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

**চাকরির শর্তাবলি:**

(১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
(২) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
(৬) প্রত্যেক কর্মীকে ন্যূনতম দুইটি মেশিনের কাজে পারদর্শী হতে হবে।
(৭) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
(৮) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:**

নির্বাচিত কর্মীদের **বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বীমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে।** তবে মেডিকেল ফি, পিডিও ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পর প্রার্থীর মেডিকেল ফি, পিডিও ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :**

(১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ১০ (দশ) সেট রঙিন ফটোকপি (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ আগামী **০৪ ও ০৫ জুলাই, শুক্রবার ও শনিবার ২০২৫ খ্রি. সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম, মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।** এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য **০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫** টেলিফোন নম্বরে ও প্রবাস বন্ধু কল সেন্টার **১৬১৩৫** এ যোগাযোগ করা যেতে পারে।

**বি: দ্র: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়)

আবেদন এর ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন।

৩০.০৬.২০২৫

মোঃ হাবীবুল্লাহ খান
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা

৩০/০৬/২০২৫

সুমন আচার্য
উপ-মহাব্যবস্থাপক
(বৈদেশিক কর্মসংস্থান)
সিনিয়র সহকারী সচিব
বোয়েসেল, ঢাকা

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd